

## বীরপ্রতীক উইলিয়াম এ এস ওডারল্যান্ডের জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্রের পোস্টার উদ্ঘোধন

গত ৫ জুন বুধবার বাংলাদেশের মুক্তিযুদ্ধে একমাত্র বিদেশী বীরপ্রতীক উইলিয়াম এ এস ওডারল্যান্ডের জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্রের পোস্টার উদ্ঘোধন করা হয়।

অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরাহু বাংলাদেশ হাইকমিশনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ায় বাংলাদেশের মান্যবর হাই কমিশনার লে: জে: মাসুদউদ্দিন চৌধুরী, অস্ট্রেলিয়ার টিভিএস টেলিভিশনের বাংলা বিভাগের প্রযোজক রহমতউল্লাহ, ফটোগ্রাফার মুহিবুর রহমান, ওডারল্যান্ড মেমোরিয়াল কমিটির কামরল আহসান খান, মুক্তমুখও সম্প্লাদক নোমান শামীম ও বীরপ্রতীক ওডারল্যান্ডের জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্রের পরিচালক মাহবুবুর রহমান বাবু।

নেদারল্যান্ড, জার্মানী, অস্ট্রেলিয়া ও বাংলাদেশে ধারণকৃত এ প্রামাণ্যচিত্রের দৈর্ঘ্য ৪০ মিনিট। প্রযোজনা ও পরিবেশনা এসএডিসিএস।



